

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩২০৪

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আহযাব

بَابُ: وَمِنْ سُورَةِ الْأَحْزَابِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ لَمَّا أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَخْيِيرِ أَزْوَاجِهِ بَدَأَ بِي فَقَالَ " يَا عَائِشَةُ إِنِّي ذَاكِرٌ لَكَ أَمْرًا فَلَا عَلَيْكَ أَنْ لَا تَسْتَعْجِلِي حَتَّى تَسْتَأْمِرِي أَبَوَيْكَ " . قَالَتْ وَقَدْ عَلِمَ أَنَّ أَبَوَيْ لَمْ يَكُونَا لِيَأْمُرَانِي بِفِرَاقِهِ قَالَتْ ثُمَّ قَالَ " إِنَّ اللَّهَ تَعَالَى يَقُولُ: (يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ إِنْ كُنْتُنَّ تُرِدْنَ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا فَتَعَالَيْنَ) حَتَّى بَلَغَ : (لِلْمُحْسِنَاتِ مِنْكُنَّ أَجْرٌ عَظِيمًا) فَقُلْتُ فِي أَيِّ هَذَا أَسْتَأْمِرُ أَبَوَيَّ فَإِنِّي أُرِيدُ اللَّهَ وَرَسُولَهُ وَالْدَّارَ الْآخِرَةَ وَفَعَلَ أَزْوَاجُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلَ مَا فَعَلْتُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ هَذَا أَيْضًا عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا .

বাংলা

৩২০৪. আবদ ইবন হুমায়দ (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাঁর স্ত্রীগণকে (তাকে গ্রহণ করার বা তাঁর থেকে বিচ্ছিন্ন হওয়ার) ইখতিয়ার প্রদান করতে নির্দেশিত হলেন তখন তিনি আমার থেকে প্রথম শুরু করেন। তিনি বললেনঃ হে আয়িশা, তোমাকে আমি একটি বিষয়ের কথা বলতে যাচ্ছি, তুমি তোমার পিতা-মাতার সঙ্গে পরামর্শ না করে এই বিষয়ে কোন তাড়াহুড়া করবে না।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, তিনি নিশ্চিত জানতেন যে, আমার পিতা-মাতা তাঁকে পরিত্যাগ করতে আমাকে পরামর্শ দিবেন না। যা হোক এরপর তিনি (নবীজী) বললেনঃ আল্লাহ তা'আলা ইরশাদ করছেনঃ

يَا أَيُّهَا النَّبِيُّ قُلْ لِأَزْوَاجِكَ إِنْ كُنْتُنَّ تُرِدْنَ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا فَتَعَالَيْنَ حَتَّى بَلَغَ : لِلْمُحْسِنَاتِ مِنْكُنَّ أَجْرٌ

عَظِيمًا

হে নবী, তুমি তোমার স্ত্রীগণকে বল, তোমরা যদি পার্থিব জীবন ও মহাপ্রতিদান প্রস্তুত রেখেছেন।

আমি বললামঃ কি বিষয়ে আমার পিতা-মাতার সঙ্গে পরামর্শ করব? আমি তো আল্লাহ্, তাঁর রাসূল এবং আখিরাতেরই কামনা করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিণীগণ সকলেই এরূপ করলেন, যেমন আমি করেছি। (অর্থাৎ সেরূপ জবাব দিলেন)।

সহীহ, বুখারি ৪৭৮৬, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২০৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। যুহরী (রহঃ) - উরওয়া - আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রেও এটি বর্ণিত আছে।

English

Narrated 'Aishah [may Allah be pleased with her]:

"When the Messenger of Allah (ﷺ) was ordered to tell his wives to make a choice, he started with me. He said: 'O 'Aishah! I am going to mention something to you, but you should not hasten (to reply) until you have consulted your parents.'" She said: "And he knew that my parents would not have ordered me to part from him." She said: "Then Allah [Most High] revealed: 'O Prophet! Say to your wives: If you desire the life of this world and its glitter then come...' until reaching: '...for the good doers among you an enormous reward (33:28 & 29).'

I said: 'For what should I consult my parents? Indeed I want Allah, His Messenger, and the abode of the Hereafter.' The (remaining) wives of the Prophet (ﷺ) did the same as I did."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38556>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন